

তথ্যবিবরণী

নম্বর-১২৩

আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহ কর্তৃক  
ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

ময়মনসিংহ (বুধবার, ২১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.):

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্যাপন উপলক্ষ্যে বাঙালি জাতির বীর সন্তান ভাষা শহিদদের শ্রদ্ধা জানাতে আঞ্চলিক তথ্য অফিস ময়মনসিংহ কর্তৃক বুধবার (২১ ফেব্রুয়ারি) শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ময়মনসিংহ আঞ্চলিক তথ্য অফিসের উপপ্রধান তথ্য অফিসার মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান এর নেতৃত্বে দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পার্ঘ্য অর্পণ করেন নগরীর টাউন হল প্রাঙ্গণ কেন্দ্রীয় শহিদ মিনারে।

পুষ্পার্ঘ্য অর্পণে অফিসের মো: রিদওয়ানুর রহমান বুবাইয়াং, মোহাম্মদ মনিরুজ্জামান, মো: শামসুল হুদা, মো: কাউসার নাঈম তালুকদার, রেজভী হাসান, মো: মেহেদী হাসান শুভ, মো: সজীব মিয়া, মো: কামরুজ্জামান জলিল, পিয়ার আলী, রাব্বি হক উপস্থিত ছিলেন।

দিবসটি কেন্দ্র করে সূর্যোদয়ের সাথে সাথে অফিসের পক্ষ থেকে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এ উপলক্ষ্যে দিবসের সরকারি বিভিন্ন প্রোগ্রাম কভারেজের জন্য অফিসের কর্মকর্তা কর্মচারীগণ দিনব্যাপী পূর্ব নির্ধারিত ব্যস্ত কর্মসূচি পালন করে।

#

মনির/দেওয়ান/রিদওয়ান/হুদা/রেজভী/২০২৪/১৩:৩০ ঘন্টা